

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭০০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ قَالَ: كَانَ بِالْمَدِينَةِ رَجُلَانِ أَحَدُهُمَا يَلْحَدُ وَالْآخَرُ لَا يَلْحَدُ. فَقَالُوا: أَيُّهُمَا جَاءَ أَوَّلًا عَمِلَ عَمَلَهُ. فَجَاءَ الَّذِي يَلْحَدُ فَلَحَدَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ فِي شَرْح السّنة

#### বাংলা

১৭০০-[৮] 'উরওয়াহ্ ইবনুয্ যুবায়র (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, মদীনায় দু' ব্যক্তি ছিলেন (তারা কবর খুড়তেন)। তাদের একজন (আবূ ত্বলহাহ্ আল আনসারী) লাহদী (বুগলী) কবর খুড়তেন আর দ্বিতীয়জন (আবূ 'উবায়দাহ্ ইবনুল জাররাহ্) লাহদী কবর খুড়তেন না (বরং সিন্ধুকী কবর খুড়তেন)। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকাল হলে সাহাবীগণ (সম্মিলিতভাবে বললেন), এ দু' ব্যক্তির যিনি আগে আসবেন তিনিই তার মতো করে কবর খনন করবেন। পরিশেষে তিনিই আগে আসলেন যিনি লাহদী কবর খুড়তেন (অর্থাৎ আবূ ত্বলহাহ্ আল আনসারী।) তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য লাহদী কবর খুড়লেন। (শারহুস্ সুন্নাহ্)[1]

## ফুটনোট

[1] হাসান সহীহ : হাদীসটি মুরসালা হলেও ইবনু মাজাহ্তে এর একটি শাহিদ রয়েছে যার ফলে আলবানী (রহঃ) হাদীসটি হাসান সহীহ বলেছেন। মুয়াত্ত্বা মালিক ২৬০, মুসান্নাফ 'আবদুর রায্যাক্ক ৬৩৮৪, শারহুস্ সুন্নাহ্ ১৫১০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মদীনায় দু'জন লোক ছিলেন যারা কবর খনন করতেন। তাদের মধ্যে একজন হলেন আবু ত্বলহাহ্ আল আনসারী। তিনি লাহদ কবর খনন করতেন। অপরজন হলেন আবু 'উবায়দাহ্ ইবনুল জাররাহ্, যিনি জান্নাতের সুসংবাদপ্রাপ্তদের মধ্যে একজন। তিনি লাহদ কবর খনন করতেন না, বরং শিক্ক কবর খনন করতেন। লাহদ বলা হয় কবর খনন করার পর ক্বিবলার দিকে বাড়তি গর্ত করে লাশ রাখার জায়গা বানানো। আর শিক্ক ঐ কবরকে



বলা হয়, যা খনন করার পর মধ্যখানে লাশ রাখার জন্য আবার ছোট করে একটি গর্ত করা হয়। তাদের যে আগে আসত সে অনুযায়ী কবর খনন করা হত। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে লাহদ ক্বরেই দাফন করা হয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন